**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13–06–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মৎস্য দপ্তরের মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ গোর্খাবস্তিস্থিত মৎস্য দপ্তরের কনফারেন্স হলে রাজ্য ভিত্তিক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়।**

**(২) আগামী ২৮শে জুন খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের একদিনের বিশেষ অধিবেশন বসবে ।**

**(৩) প্রবীণ বিজেপি নেতা পেমা খান্ডু আজ তৃতীয়বারের জন্য অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন ।**

**(৪) সদরের আন্ত: স্কুল মেয়েদের টি–২০ ক্রিকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুল ফাইন্যালে উঠেছে ।**

***************************************

**Sudhangsu Das :**

মৎস্য দপ্তরের মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ গোর্খাবস্তিস্থিত মৎস্য দপ্তরের কনফারেন্স হলে রাজ্য ভিত্তিক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ২০২৩–২৪ অর্থবছরে

বাজেটে মৎস্য দপ্তরের গৃহীত লক্ষ্যমাত্রা পূরণ করা গেছে কিনা, কোন কোন জায়গায় অসুবিধা রয়েছে সেই ব্যাপারে আলোচনা করা হয়। তাছাড়া মৎস্য ক্ষেত্রে অর্জিত সাফল্য ও ২০২৪-২৫ অর্থবছরে মৎস্য দপ্তরের কাজের রূপরেখার নিয়েও বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রী বলেন বর্তমানে চাহিদার থেকে মাছের যোগান কম রয়েছে। এখনো ১৫ হাজার থেকে ২০ হাজার মেট্রিক টন মাছ বাইরে থেকে আনতে হয়। কিন্তু খুব শীঘ্রই রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পের দ্বারা তা সমাধান হয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন মাছ উৎপাদনের জন্য সরকার আরো ৪টি জায়গা চিহ্নিত করেছে এবং তার কাজ দ্রুত শুরু করা হবে।

*********************************

**TTAADC Session :**

আগামী ২৮শে জুন খুমলুঙস্থিত পরিষদীয় ভবনে ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের একদিনের বিশেষ অধিবেশন বসবে। সকাল ১১টায় শুরু হবে অধিবেশন। স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেব্বর্মা এ অধিবেশন আহ্বান করেছেন বলে এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়েছেন এডিসির পরিষদীয় সচিব।

****************************

**All Party meeting :**

আসন্ন ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে আজ কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা শাসক কার্যালয়ের মিলনায়তনে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়।

সভাপতিত্ব করেন, জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক দশরথ দেববর্মা, জেলা প্রশাসনের বরিষ্ঠ উপ-সমাহর্তা বিজয় সিনহা, জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড হালাম প্রমুখ। বৈঠকে পঞ্চায়েত নির্বাচনের পোলিং বুথগুলির মধ্যে স্পর্শকাতর বুথ চিহ্নিত করার বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়।

বৈঠকে B.J.P, কংগ্রেস, C.P.I(M), তৃনমূল কংগ্রেসের প্রতিনিধিরা অংশ নেন।

****************************

**Child Protection :**

শিশু পাচার প্রতিরোধ ও মোকাবেলা করার উপায় নিয়ে আজ ধলাই জেলার জেলা শাসকের কার্যালয়েএকটি কর্মশালা অনুষ্ঠিত হয়। জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশন ও রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের সহায়তায় এই কর্মশালার আয়োজন করা হয়। দেশের সীমান্তবর্তী ১০০টি জেলায় এই কর্মশালা আয়োজন করার উদ্যোগ নিয়েছে জাতীয় শিশু সুরক্ষা অধিকার কমিশন। আজকের কর্মশালায় উপস্থিত ছিলেন রাজ্য শিশু সুরক্ষা অধিকার কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, ধলাই জেলার অতিরিক্ত জেলা শাসক সুব্রত কুমার দাস, জেলার অতিরিক্ত পুলিশ সুপার অলিভিয়া দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা।

***************************

**Jal Jeevan :**

ধলাই জেলায় জল জীবন মিশন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আজ আমবাসায় পানীয় জল ও স্বাস্থ্য বিধান দফতরের এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন দপ্তরের ধলাই জেলার সুপারিনটেনডেন্টিং ইঞ্জিনিয়ার জীবন দেববর্মা, দপ্তরের নির্বাহী বাস্তুকার হিরন্ময় চাকমা সহ দপ্তরের অন্যান্য আধিকারিক ও বিভিন্ন সংস্থার কর্মকর্তারা। জল জীবন মিশন প্রকল্প বাস্তবায়নের ব্যাপারে ইঞ্জিনিয়ার শ্রী দেববর্মা জানান এই জেলায় প্রায় ৭৩ শতাংশ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং আগামী জুলাই মাসের মধ্যে প্রকল্প রূপায়ণের অগ্রগতি ৮০ শতাংশ অতিক্রম করার সম্ভাবনা রয়েছে।

****************************

**PM JANMAN :**

স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে PM JANMAN প্রকল্পে আজ দক্ষিন জেলার রাজনগর ব্লকের পূর্ব পিপিরিয়াখলার রিয়াং পাড়ায় এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বড়পাথরী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মেডিক্যাল অফিসার অমিত নন্দী সহ স্বাস্থ্যকর্মীরা ২২ জন রোগীকে চিকিৎসা পরিষেবা প্রদান করেন।

****************************

**North East Physiocon 2024 Conference :**

দ্য ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট ত্রিপুরা রাজ্য শাখার উদ্যোগে আগামী ১৫ ও ১৬ই জুন আগরতলায় দুদিন ব্যাপী নর্থ ইষ্ট ফিজিওকন ২০২৪ সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনের প্রস্তুতি কমিটির চেয়ারম্যান বীরবল দেবনাথ আজ এক সাংবাদিক সম্মেলনে জানান এই সম্মেলনে রাজ্য সহ দেশবিদেশের

বিশেষজ্ঞ প্রায় পাঁচশতাধিক ফিজিওথেরাপিস্ট ও ফিজিওথেরাপি বিভাগের ছাত্র-ছাত্রী অংশ গ্রহণ করবেন। সম্মেলনের আগে আগামীকাল এক দিবসীয় কর্মশালায় অনুষ্ঠিত হবে। কর্মশালায় বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত থাকবেন ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ ফিজিওথেরাপিস্ট এর কেন্দ্রীয় সভাপতি প্রফেসর ডক্টর সঞ্জীব ঝা। কর্মশালায় উদ্বোধক ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পদ্মশ্রী দীপা কর্মকার ও দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী।

এছাড়া ১৫ই জুন বিকেল ৩টেয় সম্মেলনের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। ১৬ই জুন সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর উপস্থিত থাকার কথা রয়েছে।

***************************

**Blood Donors :**

বিশ্ব রক্তদাতা দিবস উপলক্ষে কমলপুর ব্লাড ডোনার এসোসিয়েশনের পক্ষ থেকে তিনদিনব্যাপি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ কমলপুর এস ডি এম ও অফিসের কনফারেন্স হলে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন এসোসিয়েশনের সভাপতি শ্রীকান্ত সিনহা, সম্পাদক অর্জুন দেব, এস ডি এম ও ডাঃ রাজা জমাতিয়া ও অন্যান্য সম্মানিত অতিথিগণ। শিবিরে আজ স্বেচ্ছায় রক্তদান করেন ৩০ জন। আগামীকাল কমলপুর নজরুল ভবনে রক্তদাতাদের সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে ১০০ জনকে বিশেষ মুহূর্তে রক্তদানের জন্য, ২০টি বিভিন্ন সামাজিক সংস্থাকে সর্বদা রক্তদানে যুক্ত থাকার জন্য এবং কোভিডের সময় যারা রক্তদানে এগিয়ে এসেছিলেন তাদের সম্বর্ধনা

জ্ঞাপন করা হবে। ঐ অনুষ্ঠানে থাকবেন প্রাক্তন মন্ত্রী তথা বিধায়ক মনোজ কান্তি দেব সহ অন্যান্যরা। ত্রিপুরা রাজ্যে এরকম অনুষ্ঠান প্রথম বলে আয়োজকরা জানান।

****************************

**Arunachal Pradesh :**

প্রবীণ বিজেপি নেতা পেমা খান্ডু আজ তৃতীয়বারের জন্য অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। ইটানগরের ডিকে কনভেনশন হলে আয়োজিত অনুষ্ঠানে শ্রী খান্ডুর সঙ্গে, মন্ত্রি পরিষদের আরও ১১ জন মন্ত্রীও শপথ নেন।

অরুণাচল প্রদেশের রাজ্যপাল অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল কে.টি পার্নাইক মুখ্যমন্ত্রী সহ অন্য মন্ত্রীদের মন্ত্রগুপ্তি ও শপথবাক্য পাঠ করান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডা, রবিশঙ্কর প্রসাদ, আসাম ও সিকিমের মুখ্যমন্ত্রীরা, কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু, অরুণাচল পূর্ব সংসদীয় আসনের সাংসদ তাপির গাও।

উল্লেখ্য, বিধানসভা নির্বাচনে বিজেপি মোট ৬০টি আসনের মধ্যে ৪৬টি আসনে জয়লাভ করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেমা খান্ডুকে অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় অভিনন্দন জানিয়েছেন।

************************

**Tripura CM, Arunachal :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রীর শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি শ্রী খান্ডুকে অভিনন্দন জানান। তিনি তাঁর শুভেচ্ছা বার্তায় বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং পেমা খান্ডুর নেতৃত্বে অরুণাচল প্রদেশ বিকশিত ভারতের লক্ষ্যগুলি অর্জন করবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা অরুণাচলপ্রদেশের রাজ্যপাল আয়োজিত মধ্যাহ্নভোজে যোগ দেন।

**************************

**PM, G7:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি G7 শীর্ষ সম্মেলনে অংশ নিতে আজ ইতালির আপুলিয়া যাচ্ছেন। তৃতীয় মেয়াদে দায়িত্ব নেওয়ার পর এটিই হবে প্রধানমন্ত্রীর প্রথম বিদেশ সফর। এটি হবে G7 শীর্ষ সম্মেলনে ভারতের একাদশতম অংশগ্রহণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির একটানা পঞ্চমবার অংশগ্রহণ।

শীর্ষ সম্মেলনের অবসরে প্রধানমন্ত্রী জি-৭ নেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন বলে আশা করা হচ্ছে।

তিন দিনব্যাপী G7 শীর্ষ সম্মেলনের আজ প্রথম দিন। প্রধানমন্ত্রী আগামীকাল আউটরিচ অধিবেশনে অংশগ্রহণ করবেন।

*************************

**Meeting on 3 law :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব আগামীকাল ত্রিপুরায় তিনটি নতুন আইন কার্যকরের অগ্রগতি পর্যালোচনা করবেন। মহাকরণ সূত্রে জানা গেছে, পুলিশ প্রশাসন, আইন দপ্তর, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ,

জেলা শাসক সহ সংশ্লিষ্ট সব দপ্তরের প্রতিনিধিদের নিয়ে আগামীকাল সকাল ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই পর্যালোচনা হবে। ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা বেং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিন আইনের উপর সাধারন নাগরিকদের সচেতনতা বাড়ানোর জন্য ব্লক স্তরে সচেতনতা সভা করছে রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ।

****************************

**Bishalgarh Hospital :**

বিশালগড় মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডাক্তার জে.এম দাস জানিয়েছেন বিশালগড় মহকুমা হাসপাতালে বহির্বিভাগের আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের আওতাধীন স্কেন-এন্ড-শেয়ার অন-লাইন রেজিস্ট্রেশন পদ্ধতির জনপ্রিয়তা বাড়ছে। ১৫টি গ্রাম পঞ্চায়েত সহ বিশালগড় পুর পরিষদের লক্ষাধিক মানুষ চিকিৎসার জন্য নির্ভরশীল এই হাসপাতালটির উপর। প্রতিদিন গড়ে ২০০ থেকে ৩০০ জন রোগী হাসপাতালটির বহির্বিভাগে চিকিৎসার জন্য আসেন। এই পদ্ধতি চালু হওয়ার কারনে তাদের আর লাইনে দাঁড়িয়ে সময় নষ্ট করে নিতে হচ্ছেনা। এখন OPD -তে আসা প্রায় ৫০ শতাংশ রোগীই স্কেন -এন্ড -শেয়ার ব্যবহার করছেন বলে জানিয়েছেন আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশনের বিশালগড় মহকুমা হাসপাতালের প্রকল্প সঞ্চালক কৃষাণ সাহা।

**************************

**Plantation :**

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে যুব বিকাশ কেন্দ্রের উদ্যোগে ও নাবার্ডের সহযোগিতায় আগরতলা নেতাজী সুভাষ বিদ্যানিকেতনে

আজ এক আলোচনা সভা ও বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিদ্যানিকেতন সভাকক্ষে  এই আলোচনা সভায় উপস্থিত ছিলেন রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, সমাজসেবক সঞ্জয় সাহা, নাবার্ডের ত্রিপুরার জেনারেল ম্যানেজার অনিল এস কোট ঘিরে জৈব প্রযুক্তি দপ্তরের যুগ্ম অধিকর্তা অঞ্জন সেনগুপ্ত। স্কুল চত্বরে ৬০টি বিভিন্ন প্রজাতির গাছের চারা লাগানো হয়।

******************************

**Rally :**

বিশ্ব তামাক বিরোধী দিবস উপলক্ষে আজ প্রাচ্যভারতী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে ও পশ্চিম ত্রিপুরা মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের সহযোগিতায়  তামাক বিরোধী সংকল্প জাঠা রেলির আয়োজন করা হয়। নেশার কুফল সম্পর্কে মানুষকে অবগত করতে এই ধরনের সংকল্প জাঠার আয়োজন করা হয়েছে বলে জানিয়েছেন স্কুলের প্রধান শিক্ষক সুবীর দেববর্মা। নেশার কুফল সম্পর্কিত বিভিন্ন প্লেকার্ড ও পোস্টার নিয়ে ছাত্রছাত্রীরা এই শোভাযাত্রায় অংশগ্রহণ করে। বিদ্যালয় প্রাঙ্গণ থেকে শোভাযাত্রাটি  বের হয়ে ধলেশ্বরের  বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন স্কুল ম্যানেজিং কমিটির ভাইস চেয়ারম্যান ডক্টর স্বপন চন্দ সহ স্কুলের শিক্ষক শিক্ষিকারা।

***************************

**Forest-Bishalgarh :**

সিপাহীজলা জেলার বিশালগড়ের নাড়াউড়া এলাকার একটি পরিত্যক্ত স্থান থেকে গতকাল রাতে প্রায় অর্ধলক্ষাধিক টাকার

সেগুন কাঠ উদ্ধার করেছে বন দপ্তরের কর্মীরা। অবৈধ কাঠের মিলে চেরাই করা হচ্ছিল এই কাঠ গুলি। বনকর্মীরা ঘটনাস্থলে পৌঁছনোর আগেই পালিয়ে যায় দুষ্কৃতীরা। অভিযানের নেতৃত্বে ছিলেন জম্পুইজলা ফরেস্ট প্রোটেকশন ইউনিটের  ইনচার্জ তাপস দেবনাথ।

****************************

**Girls' School Cricket :**

সদরের আন্ত: স্কুল মেয়েদের টি-২০ ক্রিকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুল ফাইন্যালে উঠেছে। আজ পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে সকালে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনালে আসাম রাইফেলস্ পাব্লিক স্কুল ৪ রানে নন্দননগর স্কুলকে পরাজিত করে। পরে দুপুরে প্রণবানন্দ বিদ্যামন্দির ও বিদ্যাসাগর স্কুলের মধ্যে দ্বিতীয় সেমিফাইনালটি বৃষ্টিতে মাঝপথে পরিত্যক্ত হয়। আগামীকাল এই সেমিফাইনালটি ফের হবে। ১৫ জুন আসরের ফাইনালে খেলাটি হবে।

***************************

**Yoga Day-State :**

দশম আন্তর্জাতিক যোগ দিবস এবার ব্লক স্তর থেকে সরকারিভাবে আয়োজনের প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়েছে। ব্লক, নগর পঞ্চায়েত, পুর পরিষদ সহ মহকুমা ও জেলা স্তর পর্যন্ত ২১ জুন যোগ দিবস উদযাপনের প্রয়োজনীয় উদ্যোগ নিতে ক্রীড়া দপ্তর প্রাথমিক সিদ্ধান্ত নেয়। এছাড়া রাজ্যস্তরের মূল অনুষ্ঠান হবে হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে। রাজ্য স্তরের আয়োজনে নেহেরু যুব কেন্দ্র, এন এস এস, স্কাউট গাইডস,

সিভিল ডিফেন্স সহ বিভিন্ন এন জি ও গুলিকেও সামিল করা হবে। এদিকে, পশ্চিম জেলার জিরানীয়া মহকুমাতে রাণীরবাজার যোগা সেন্টারেও চলছে যোগা দিবসের প্রস্তুতি। এই জেলার মোট ৩৩টি সেন্টার নিয়মিত প্রস্তুতি চলছে বলে জেলা যোগা সংস্থার সভাপতি উত্তম দেবনাথ জানান। অপরদিকে দক্ষিন জেলার বিদ্যাপীঠ স্কুল মাঠে ২১ জুন জেলার মূল অনুষ্ঠানটি হবে বলে জেলা ক্রীড়া আধিকারিক মিহির শীল জানিয়েছেন। এছাড়া গোমতী জেলার মূল অনুষ্ঠানটি কেবিআই মাঠে করার প্রাথমিক সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানান ক্রীড়া উপ অধিকর্তা বনজিৎ বাগচি।

*************************

**Chess Aaradhya :**

কাজাকিস্তানে আয়োজিত এশিয়ান দাবা প্রতিযোগিতার অনূর্ধ্ব ১০ বছরের ক্ল্যাসিক্যাল বিভাগে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু আরাধ্যা দাস দ্বিতীয় রাউন্ডে চাইনিজ প্রতিপক্ষের সাথে ড্র করেছে। ফলে দুই রাউন্ডের শেষে আরাধ্যা অর্ধেক পয়েন্ট পেয়েছে। প্রথম রাউন্ডে আরাধ্যা হেরে গিয়েছিল।

*******************************************

**Chess Arshia :**

গুজরাটে অনুষ্ঠিত বিশ্ব জুনিয়র দাবা প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১৪ বছরের মেয়েদের বিভাগে রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু তথা ক্যান্ডিডেট মাস্টার অর্শিয়া দাস ২৭তম স্থান দখল করেছে। আজ শেষ রাউন্ডের খেলায় অর্শিয়া সরাসরি জয়লাভ করে। ফলে মোট

১১ রাউন্ডে সাড়ে ৬ পয়েন্ট পায়। এর ফলে অর্শিয়া এই আসর থেকে ৭১ আন্তর্জাতিক পয়েন্ট বাড়াতে সক্ষম হয়। ফলে তার রেটিং ১৯০০ স্পর্শ করে। আসরে ৪৪টি দেশের ১০১ জন দাবাড়ু লড়াই করেছিল।

*****************************

**Weather :**

আগমীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। গত চব্বিশ ঘণ্টায় বৃষ্টি হয়েছে দুই দশমিক এক মিলিমিটার। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

********************************